# ৪৬তম বিসিএস

## প্রিলি ফুল কোর্স

## আন্তর্জাতিক বিষয়াবলি

7:10 PM

Good Evening

pdf



লেকচার: ০২


টপিক: বৈশ্বিক ইতিহাস:

- ✓ ইউরোপের ইতিহাস: (পশ্চিম ইউরোপ, পূর্ব ইউরোপ, উত্তর ইউরোপ, মধ্য ইউরোপ, দক্ষিণ ইউরোপ)।
- ✓ উত্তর ও দক্ষিণ আমেরিকা: (উত্তর আমেরিকার উত্তরাংশের দেশসমূহ, মধ্য আমেরিকার দেশসমূহ, ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জ অঞ্চল, দক্ষিণ আমেরিকার দেশসমূহ)।
- ✓ ওশেনিয়ার ইতিহাস: (অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, পলেনেশিয়া ও মেলানেশিয়া অঞ্চল, মাইক্রোনেশিয়া অঞ্চল)।


উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি
09666775566
www.uttoron.academy

# ইউরোপ মহাদেশ


1982
1986
Colonialism
Morocco
North Atlantic
South-South Cooperation



# ইউরোপ মহাদেশ পরিচিতি

| | |
|---|---|
| আয়তন ও জনসংখ্যায় ইউরোপের বৃহত্তম দেশ | রাশিয়া |
| সবচেয়ে ঘনবসতিপূর্ণ দেশ | মোনাকো |
| আয়তন ও জনসংখ্যায় ক্ষুদ্রতম দেশ | ভ্যাটিক্যান সিটি |
| বৃহত্তম সাগর | ভূমধ্যসাগর (The Mediterranean Sea) |
| বৃহত্তম উপসাগর | বিস্কে উপসাগর (Bay of Biscay) |
| দীর্ঘতম নদী | ভলগা |
| বৃহত্তম হ্রদ | লাডোগা |
| বৃহত্তম দ্বীপ | গ্রেট ব্রিটেন |
| বৃহত্তম উপদ্বীপ | স্ক্যান্ডিনেভিয়া |
| দীর্ঘতম পর্বতমালা | আল্পস |
| সর্বোচ্চ চূড়া | মাউন্ট এলব্রুস (৫৬৪২ মিটার অথবা ১৮৫১০ ফুট) |
| সর্বনিম্ন বিন্দু | কাস্পিয়ান সাগর (–৯২ ফুট অর্থাৎ সমুদ্রপৃষ্ঠ থেকে ৯২ ফুট নিচে) |
| ইউরোপের প্রবেশদ্বার | জিব্রাল্টার, ভিয়েনা |
| অন্যতম বৃহত্তম সুড়ঙ্গপথ | চ্যানেল টানেল |
| ভূমধ্যসাগরে অবস্থিত ইউরোপের দুটি দ্বীপ রাষ্ট্র | মাল্টা, সাইপ্রাস |
| ইউরোপের মুসলিম দেশ | আলবেনিয়া, বসনিয়া-হার্জগোভিনা, কসোভো |


# পশ্চিম ইউরোপের মানচিত্র



# যুক্তরাজ্য

- ১৬০৩ সালে ইংলিশ ও স্কটিশ রাজতন্ত্র একত্রিত হয়।
- ১৬৮৮ সালে গ্লোরিয়াস রেভ্যুলেশনের মাধ্যমে ব্রিটেন গণতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হয়।
- ১৭০৭ সালে কুইন অ্যানির শাসনকালে ইংল্যান্ড, ওয়েলস, স্কটল্যান্ড ও নর্দান আয়ারল্যান্ড যুক্ত হয়ে গ্রেট ব্রিটেন গঠিত হয়।
- ১৮০১ সালে রাজা পঞ্চম জেমসের আমলে আয়ারল্যান্ড ইংল্যান্ডের সাথে যুক্ত হয়ে যুক্তরাজ্য গঠন করলেও ক্যাথলিক খ্রিস্টান অধ্যুষিত দক্ষিণ আয়ারল্যান্ড ১৯২২ সালে ইংল্যান্ড হতে স্বাধীন হয়ে যায়।
- বর্তমানে ব্রিটেনে বিশ্বের প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত রয়েছে।


England + Scotland



# যুক্তরাজ্য

- গ্রেট ব্রিটেন
  - ইংল্যান্ড
  - স্কটল্যান্ড
  - ওয়েলস

- যুক্তরাজ্য
  - ইংল্যান্ড
  - স্কটল্যান্ড
  - ওয়েলস
  - উত্তর আয়ারল্যান্ড



# যুক্তরাজ্য

## ❑ ম্যাগনাকার্টা

ম্যাগনাকার্টাকে বলা হয় ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল। ইংল্যান্ডের রাজা জন ১২১৫ সালের ১৫ জুন সামন্তদের চাপে পড়ে রাজার অধিকার সংক্রান্ত এ চুক্তিতে স্বাক্ষর করেন। এটি প্রজাদের অধিকার প্রতিষ্ঠা এবং রাজাদের ক্ষমতা হ্রাসের একটি যৌক্তিক দলিল।

## ❑ ব্রেক্সিট (BREXIT)

বিশ্বের সবচেয়ে প্রভাবশালী অর্থনৈতিক ও রাজনৈতিক জোট ইউরোপীয় ইউনিয়ন (European Union) থেকে যুক্তরাজ্যের বের হয়ে যাওয়ার পুরো প্রক্রিয়াটি 'ব্রেক্সিট' নামে পরিচিত। বেশ কিছু অর্থনৈতিক ও রাজনৈতিক কারণে যুক্তরাজ্যের জনগণ ২০১৬ সালের ২৩ জুন অনুষ্ঠিত এক গণভোটে ইউরোপীয় ইউনিয়নের সাথে সম্পর্ক ছেদের পক্ষে রায় দেয়। এখানে উল্লেখ্য যে, ১৯৭৩ সালে যুক্তরাজ্য ইউরোপিয়ান ইকোনমিক কমিউনিটিতে (European Economic Community) যোগ দেয়। ৩১ জানুয়ারি, ২০২০-এ ব্রেক্সিট ডিল কার্যকর হয় এবং যুক্তরাজ্য ইউরোপীয় ইউনিয়ন থেকে বের হয়ে যায়। বর্তমানে ইউরোপীয় ইউনিয়নের সদস্য ২৭টি।

# যুক্তরাজ্য

## ❑ যুক্তরাজ্যের বিখ্যাত ও আলোচিত ব্যক্তিবর্গ



### ➢ আলফ্রেড দ্য গ্রেট

✓ মহামতি আলফ্রেড ছিলেন ইংল্যান্ডের প্রথম এবং সর্বশ্রেষ্ঠ রাজা।

✓ তাঁকে প্রাচীন ইংরেজি গদ্যের জনকও বলা হয়।



### ➢ রাণী ভিক্টোরিয়া

✓ শাসনামলেই ভারতীয় উপনিবেশ ১৮৫৭ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানির অধীন থেকে সরাসরি ব্রিটিশ শাসনের অধীনে চলে যায়।



### ➢ উইনস্টন চার্চিল

✓ বিশ্বযুদ্ধের সময়কার ঘটনা নিয়ে রচনা করেন 'History of the Second World War'।

✓ এ গ্রন্থটির জন্য রাজনীতিবিদ চার্চিল সাহিত্যিক হিসেবে ১৯৫৩ সালে নোবেল পুরস্কার লাভ করেন।

# যুক্তরাজ্য

➢ **রাণী দ্বিতীয় এলিজাবেথ**

✓ ১৯৫২ সালে মাত্র ২৫ বছর বয়সে তিনি ব্রিটিশ সিংহাসনে আরোহন করেন এবং দীর্ঘ ৭০ বছর ২১৪ দিন রাজত্ব করেন যা ব্রিটিশ রাজতন্ত্রের ইতিহাসে দীর্ঘতম রাজত্ব।

✓ তিনি ৮ সেপ্টেম্বর, ২০২২ সালে মারা যান।



➢ **রাজা তৃতীয় চার্লস**

✓ ২০২২ সালের ১০ সেপ্টেম্বর আনুষ্ঠানিকভাবে ৭৩ বছর বয়সে ব্রিটিশ রাজা হন তৃতীয় চার্লস।

✓ তিনি কমনওয়েলথের বর্তমান প্রধান।



# যুক্তরাজ্য

❑ যুক্তরাজ্যের আলোচিত স্থানসমূহ

➢ হোয়াইট হল



✓ হোয়াইট হলে ব্রিটেনের প্রশাসনিক সদর দপ্তর অবস্থিত।

➢ ওয়েস্ট মিনিস্টার অ্যাবে



✓ এখানে রাজা-রাণীদের সিংহাসনে আরোহণের অনুষ্ঠান এবং শেষকৃত্য অনুষ্ঠিত হয়।

➢ ডাউনিং স্ট্রিট



১০ নং ডাউনিং স্ট্রিট → ব্রিটিশ প্রধানমন্ত্রীর বাসভবন

১১ নং ডাউনিং স্ট্রিট → ব্রিটিশ অর্থমন্ত্রীর বাসভবন

➢ বাকিংহাম প্যালেস



✓ এটি ইংল্যান্ডের রাজপরিবারের বাসভবন।

# যুক্তরাজ্য

## ❒ যুক্তরাজ্য সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য

- ব্রিটেনের বর্তমান প্রধানমন্ত্রী → ঋষি সুনাক (ভারতীয় বংশোদ্ভূত)।
- ভিক্টোরিয়া ক্রস হলো → ব্রিটেনের সর্বোচ্চ সামরিক খেতাব।
- ব্লাসফেমি আইন প্রথম চালু হয় → ইংল্যান্ডে।
- ব্রিটেনের মহিলারা ভোটাধিকার পায় → ১৯১৮ সালে।
- ব্রিটিশ অর্থমন্ত্রী পরিচিত → চ্যান্সেলর অব এক্সচেকার নামে।

# ফ্রান্স

## ❑ ফরাসি বিপ্লব:

- "ফরাসি বিপ্লব" সংঘটিত হয় ১৭৮৯ থেকে ১৭৯৯ সাল পর্যন্ত।
- ফরাসি বিপ্লবের স্লোগান ছিল স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্ব এবং ফরাসি বিপ্লবের শিশু বলা হয় নেপোলিয়ন বোনাপার্টকে।
- ফরাসি বিপ্লবের সময় ফ্রান্সের রাজা ছিলেন ষোড়শ লুই।
- ইউরোপের প্রথম বুর্জোয়া বিপ্লব।
- বিপ্লবে অনুপ্রেরণা দিয়েছিলেন রুশো, ভলতেয়ার, মন্টেস্কু।
- বাস্তিল দুর্গ ও কারাগার দখলের মাধ্যমে ফরাসি বিপ্লব শুরু হয়।
- ফ্রান্সের স্বাধীনতা যুদ্ধের নেতৃত্ব দেন চার্লস দ্যা গল।
- ফ্রান্সের প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম এলিসি প্রাসাদ।
- প্যারিসকে বলা হয় - City of Culture



# ফ্রান্স

## ❑ নেপোলিয়ন বোনাপোর্ট:

- সম্রাট নেপোলিয়ন ১৮১৫ সালে ওয়াটার লু যুদ্ধে ইংরেজ সেনাপতি লর্ড ওয়েলিংটনের নেতৃত্বে সম্মিলিত বাহিনীর নিকট পরাজিত হয়ে আত্মসমর্পণ করেন।
- মিত্রবাহিনী তাঁকে ১৮১৫ সালে সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসন দেয় এবং সেখানে তিনি ১৮২১ সালে মারা যান।
- তাঁর বিখ্যাত উক্তি সমূহ :
  - ✓ Impossible is a word to be found only in the dictionary of fools.
  - ✓ Give me good mother, I will give you good nation.
  - ✓ Ability is nothing without opportunity.
  - ✓ Never interrupt your enemy when he is making a mistake.
  - ✓ I am the Revolution.



# পশ্চিম ইউরোপ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য

- চেকোস্লোভাকিয়া ভেঙ্গে দুটো রাষ্ট্রে পরিণত হয় → ১৯৯৩ সালে।
- ইউরোপীয় কমিশন, ন্যাটো এবং বিশ্ব শুল্ক সংস্থার (WCO) সদর দপ্তর, ইউরোপীয় পার্লামেন্টের নতুন ভবন বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে অবস্থিত
- ওয়াটার-লু বেলজিয়ামে অবস্থিত ,এটি ইউরোপের ককপিট নামে পরিচিত
- কাতালোনিয়া যে দেশের প্রদেশ → স্পেনের।
- A nation of great seafarers বা মহাসমুদ্র অভিযাত্রীদের দেশ বলা হয় → পর্তুগালকে।

# POLL QUESTION-01

➲ BREXIT ইস্যুতে পদত্যাগ করেন?

(a) বরিস জনসন

(b) লিজ ট্রাস

(c) ঋষি সুনাক

(d) থেরেসা মে

# পূর্ব ইউরোপের মানচিত্র



# রাশিয়া

- আয়তনে বিশ্বের সর্ববৃহৎ দেশের নাম রাশিয়া।
- পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক দেশের নাম রাশিয়া।
- এটি ভৌগোলিকভাবে এশিয়া ও ইউরোপ মহাদেশ জুড়ে অবস্থিত।
- ১৯১৮ সালের পূর্বে রাশিয়ার রাজধানী ছিল সেন্ট পিটার্সবার্গ।
- বর্তমান বিশ্বের সর্ববৃহৎ তেল উৎপাদনকারী দেশ রাশিয়া।
- রাশিয়ার কাছে সবচেয়ে বেশি পারমাণবিক চুল্লি রয়েছে।
- CIS বা কমনওয়েলথ অব ইন্ডিপেন্ডেন্ট স্টেটসের সদর দপ্তর মিনস্কে। CIS এর সদস্য সংখ্যা ১১টি (সহযোগী সদস্য ২টিসহ)।



# রাশিয়া

## ❑ সোভিয়েত ইউনিয়ন

- ১৯১৭ সালে রুশ বিপ্লবের পর ১৯২২ সালে পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক রাষ্ট্র সোভিয়েত ইউনিয়ন গঠন করা হয়।
- ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়ন ভেঙে ১৫টি রাষ্ট্র গঠিত হয়।

- রাষ্ট্রগুলো হলো-

১. রাশিয়া
২. আর্মেনিয়া
৩. তাজিকিস্তান
৪. লিথুনিয়া
৫. মালদোভা
৬. কাজিকিস্তান
৭. কাজাখস্তান
৮. লাটভিয়া
৯. বেলারুশ
১০. উজবেকিস্তান
১১. ইউক্রেন
১২. জর্জিয়া
১৩. আজারবাইজান
১৪. তুর্কমেনিস্তান
১৫. এস্তোনিয়া



# রাশিয়া

### ❑ রুশ বিপ্লব (১৯১৭):

- ➢ লেলিনের নেতৃত্বে রুশ বিপ্লব সংঘটিত হয়েছিল। তাঁর উপাধি ছিলো লৌহ মানব।
- ➢ **রুশ বিপ্লবের অপর নাম অক্টোবর বিপ্লব বা বলশেভিক বিপ্লব।**
- ➢ রুশ বিপ্লব সংঘটিত হয় তখন রাশিয়ার সম্রাট ছিলেন জার দ্বিতীয় নিকোলাস।
- ➢ **এ বিপ্লবের শুরু হয় ৬ নভেম্বর, যার স্থায়িত্ব ছিল মাত্র ১০ দিন।**
- ➢ এই বিপ্লবের মাধ্যমে রাশিয়ায় জার শাসনের অবসান ঘটে এবং সোভিয়েত ইউনিয়নের উত্থান হয়।



১৯১৭ সালের ১লা জুলাই পেট্রোগ্রাদে গুলি চালানো হয়

### ❑ গ্লাসনস্তনীতি ও পেরেস্ত্রইকা:

- ➢ **১৯৮৭ সালে মিখাইল গর্ভাচেভ পেরেস্ত্রইকা ও গ্লাসনস্তনীতি ঘোষণা করেন।**
- ➢ পেরেস্ত্রেইকা হলো রাজনৈতিক ও সংস্কার কর্মসূচী। আর গ্লাসনস্ত হল খোলামেলা মত প্রকাশ।
- ➢ অনেকটা এই গ্লাসনস্ত -এর কারণেই সোভিয়েত ইউনিয়ন ভেঙে যায় এবং সমাজতন্ত্রের অবসান ঘটে।

# রাশিয়া

## ❑ সামরিক ঘাঁটি

- ✓ আর্মেনিয়া, বেলারুশ, জর্জিয়া, কাজাখস্তান, কিরগিজস্তান।

## ➢ গুরুত্বপূর্ণ কিছু তথ্য

- ✓ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পিতৃভূমি বলা হয়- রাশিয়াকে।
- ✓ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় রাশিয়ার প্রেসিডেন্ট ছিলেন স্ট্যালিন ।
- ✓ রাশিয়া স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে ১৯৭২ সালের ২৪ জানুয়ারি।
- ✓ সর্বপ্রথম করোনার বিরুদ্ধে কার্যকর ব্যবহার উপযোগী টিকা তৈরি করে রাশিয়া ।
- ✓ মহাশূন্যে প্রথম নভোচারী ইউরি গ্যাগারিন।
- ✓ রাশিয়ার প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম - ক্রেমলিন ।
- ✓ সোভিয়েত ইউনিয়নকে আনুষ্ঠানিকভাবে বিলুপ্তি ঘোষণা করা হয় - ২১ ডিসেম্বর, ১৯৯১ সালে।
- ✓ রাশিয়ার প্রথম গণতান্ত্রিক প্রেসিডেন্টের নাম বরিস ইয়েলেৎসিন।
- ✓ রাশিয়ার বার্তা সংস্থার নাম - ইন্টারফ্যাক্স।
- ✓ উন্নয়নে পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রবর্তনকারী দেশ সাবেক সোভিয়েত ইউনিয়ন (বর্তমান রাশিয়া)।
- ✓ পঞ্চবার্ষিক পরিকল্পনা নীতির প্রবর্তক জোসেফ স্ট্যালিন

# ইউক্রেন

- ইউরোপের রুটির ঝুড়ি খ্যাত ইউক্রেন সমগ্র ইউরোপের দ্বিতীয় বৃহত্তম দেশ।
- ইউক্রেন দক্ষিণ-পূর্বে কার্চ প্রণালির (Kerch Strait) মাধ্যমে রাশিয়ার মূল ভূখণ্ড থেকে পৃথক হয়েছে।



# রাশিয়া-ইউক্রেন সংকট

## ❑ রাশিয়া-ইউক্রেন সংকট

২০১৪ সালে এক গণভোটের মাধ্যমে ইউক্রেনের ক্রিমিয়া রাশিয়ার সাথে একীভূত হয়। রাশিয়া **২১ ফেব্রুয়ারি**, ২০২২ সালে ইউক্রেনের **লুহানস্ক ও দোনেৎস্ক** অঞ্চলের স্বাধীনতার স্বীকৃতি প্রদান করে। **২৪ ফেব্রুয়ারি, ২০২২ সালে রাশিয়া ইউক্রেনে সামরিক অভিযান শুরু করে**। ৩০ সেপ্টেম্বর ২০২২ ইউক্রেনের **দোনেৎস্ক, লুহানস্ক, খেরসন এবং জাপোরিঝঝিয়া** অঞ্চলগুলোকে রুশ ফেডারেশনের অন্তর্ভুক্ত করে পুতিন।




## ❑ অরেঞ্জ রেভ্যুলেশন

২০০৪ সালের নির্বাচনে রুশ সমর্থিত রাষ্ট্রপতি পদপ্রার্থী ভিক্টর ইয়ানুকোভিচ (Victor Yanukovych) কর্তৃক সংঘটিত কারচুপি ও অনিয়মের প্রতিবাদে পরিচালিত গণ আন্দোলন **অরেঞ্জ রেভ্যুলেশন** নামে পরিচিত।

# পূর্ব ইউরোপের গুরুত্বপূর্ণ কিছু তথ্য

- বিশ্বে যে দেশ সর্বপ্রথম খ্রিস্টান ধর্মকে রাষ্ট্রধর্ম ঘোষণা করে- আর্মেনিয়া।
- হোয়াইট রাশিয়া বলা হয় বেলারুশকে।
- চেকোস্লোভাকিয়া 'চেক প্রজাতন্ত্র' ও 'স্লোভাকিয়া' নামে দুটি স্বাধীন রাষ্ট্রে বিভক্ত হয় -১৯৯৩ সালে।
- The Birthplace of Wine (মদের জন্মস্থান) বলা হয় জর্জিয়াকে।
- জর্জিয়ার রাজধানী তিবলিসি অবস্থিত **কুরা নদীর** তীরে।
- জর্জিয়ায় রোজ (গোলাপ) বিপ্লব সংঘটিত হয় ২০০৩ সালে।
- মলদোভার বর্তমান রাজধানীর নাম কিশিনাউ (পূর্বে ছিল কিসনিয়েভ)।

# POLL QUESTION-02

➲ **রাশিয়া ইউক্রেন আক্রমণ করে?**

(a) ২৮ ডিসেম্বর, ২০২১

(b) ১৫ ফেব্রুয়ারি, ২০২২

(c) ২৪ ফেব্রুয়ারি, ২০২২

(d) ১৫ ফেব্রুয়ারি, ২০২৩

# উত্তর ইউরোপ/নর্ডিক অঞ্চল/স্ক্যান্ডিনেভিয়ান দেশ

1) Iceland
2) Sweden
3) Denmark
4) Finland
5) Norwy



# উত্তর ইউরোপ


ফিনল্যান্ড
ফিনল্যান্ড উপসাগর
তাল্লিন
নরওয়ে
ভেনার্ন হ্রদ
স্কাগেরাক প্রণালি
ভেটার্ন হ্রদ
এস্তোনিয়া
রাশিয়া
রিগা উপসাগর
সুইডেন
রিগা
লাটভিয়া
বাল্টিক সাগর
ডেনমার্ক
লিথুয়ানিয়া
বেলারুশ
ভিলনিয়াস
রাশিয়া
জার্মানি
পোল্যান্ড

# উত্তর ইউরোপের গুরুত্বপূর্ণ কিছু তথ্য

- বিশ্বের বৃহত্তম দ্বীপ গ্রিনল্যান্ডের মালিকানা ডেনমার্কের।
- গ্রিনল্যান্ডে বসবাসকারী প্রধান জাতির নাম **এস্কিমো**।
- বাংলাদেশের জাতীয় সংসদ ভবনের স্থপতি লুই আই কানের জন্মস্থান –এস্তোনিয়ায়।
- ফিনল্যান্ড দেশটি স্থানীয় অধিবাসীদের নিকট পরিচিত – **সুমোয় নামে**।
- **আগুনের দ্বীপ বলা হয় আইসল্যান্ডকে।**
- আয়ারল্যান্ডকে 'The Emerald Isle' বলা হয় অপরূপ প্রাকৃতিক সৌন্দর্যের জন্য।
- সুইডেন ও ফিনল্যান্ড ন্যাটোতে যোগদানের আবেদন করে – ১৮ মে, ২০২২।
- ফিনল্যান্ড ৩১তম সদস্য হিসেবে ন্যাটোতে যোগদান করে ৪ এপ্রিল ২০২৩।

# মধ্য ইউরোপ



মধ্য ইউরোপের দেশ
ইউরোপের অন্যান্য দেশ
সুইডেন
ডেনমার্ক
বাল্টিক সাগর
বেলারুশ
উত্তর সাগর
ওয়ারশ
বার্লিন
পোল্যান্ড
নেদারল্যান্ডস
ডোভার প্রণালি
বেলজিয়াম
জার্মানি
ইউক্রেন
প্রাগ
চেক প্রজাতন্ত্র
স্লোভাকিয়া
মলদোভা
ব্রাটিস্লাভা
ভিয়েনা
বুদাপেস্ট
অস্ট্রিয়া
হাঙ্গেরি
বার্ন
ফ্রান্স
সুইজারল্যান্ড
রোমানিয়া
লুবজানা
স্লোভেনিয়া
ক্রোয়েশিয়া
ইতালি
আড্রিয়াটিক সাগর
বসনিয়া ও হার্জেগোভিনা
সার্বিয়া
বুলগেরিয়া

# জার্মানি

## ❑ ইতিহাসঃ

- ১৮১৫ সালে প্রুশিয়ার নেতৃত্বে জার্মান রাজ্যগুলো একটি কনফেডারেশন গঠন করে।
- হিটলার ১৯৩৩ সালে জার্মানির চ্যান্সেলর নির্বাচিত হয়ে তিনি জার্মানির তৃতীয় কনফেডারেশন ঘোষণা করেন এবং ভার্সাই চুক্তির শর্তসমূহ ভঙ্গ করা শুরু করেন।
- ১৯৩৯ সালে জার্মানি পোল্যান্ডের ডানজিগ বন্দর আক্রমণের মধ্য দিয়ে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়।



# জার্মানি

❑ এডলফ হিটলার

➢ তাঁর গোপন পুলিশ বাহিনীর নাম গেস্টাপো।
➢ তাঁর বিখ্যাত উক্তি 'যুদ্ধই জীবন যুদ্ধই সার্বজনীন'।

❑ বার্লিন প্রাচীর:

➢ ১৯৬১ সালে দুই জার্মানিকে বিভক্তকারী দেয়াল নির্মাণ করা হয়।
➢ ১৯৮৯ সালে ৯ নভেম্বর এ দেয়াল ভেঙ্গে ফেলা হয়।
➢ ১৯৯০ সালের ৩ অক্টোবর (মাঝরাতে) দুই জার্মানি পুনরায় একত্রীভূত হয়।

❑ জার্মানি সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য

- GIZ হলো → জার্মানির উন্নয়ন সংস্থা।
- পদার্থবিদ আলবার্ট আইনস্টাইনের জন্ম → জার্মানিতে।
- জার্মানি স্থানীয় ভাষায় পরিচিত → ডয়েচল্যান্ড নামে।
- জার্মানির ফ্রাঙ্কফুর্ট বিখ্যাত → বইমেলার জন্য।
- LUFTHANSA (লুফথানসা) হলো → জার্মানির বিমান সংস্থা।

# মধ্য ইউরোপের গুরুত্বপূর্ণ তথ্য

- প্রথম পোস্টকার্ড চালু হয় অস্ট্রিয়ায়।
- ইউরোপের প্রবেশদ্বার বলা হয় অস্ট্রিয়ার ভিয়েনাকে।
- সুইজারল্যান্ড ইউরোপের হয়েও ইউরোপীয় ইউনিয়নের সদস্য নয়।
- অনেকগুলো গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক সংস্থার সদর দপ্তর সুইজারল্যান্ডে রয়েছে। যেমন- WHO, WMO, WIPO, UNCTAD, ILO ইত্যাদি।
- ১৯৩৯ সালে জার্মানি পোলান্ডের ডানজিগ বন্দরে আক্রমণ করলে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়।
- সম্প্রতি রাশিয়া-ইউক্রেন সংকটে সবচেয়ে বেশি শরণার্থী আশ্রয় নেয় পোলান্ডে।

# দক্ষিণ ইউরোপ

## ❑ দক্ষিণ ইউরোপের দেশসমূহ



# ইতালি

- **ইতিহাস:**
- **সানমারিনো ও ভ্যাটিকান সিটি** নামের দুটি স্বাধীন রাষ্ট্র ইতালির অধিভুক্ত।
- অপেরা প্রথম চালু হয় ইতালিতে।
- ইতালিতে রেনেসাঁ শুরু হয় চতুর্দশ শতাব্দীতে। Renaissance কথাটির অর্থ নবজীবন।




- **জুলিয়াস সিজার:** জুলিয়াস সিজার ছিলেন বিখ্যাত রোমান সম্রাট, দুর্ধর্ষ সেনানায়ক ও লেখক।
- **মাইকেল এঞ্জেলো:** **মাইকেল অ্যাঞ্জেলো ইতালির বিখ্যাত চিত্রশিল্পী ও ভাস্কর।** তাঁর বিখ্যাত চিত্রকর্ম দি ক্রিয়েশন অব অ্যাডাম। তাঁর ভাস্কর্য হলো মোজেস, ডেভিড ইত্যাদি।
- **লিওনার্দো দা ভিঞ্চি:** ইতালীয় রেনেসাঁসের কালজয়ী চিত্রশিল্পী। তাঁর বিশ্বখ্যাত চিত্রকর্ম **মোনালিসা**। তাঁর আরেকটি নামকরা চিত্রকর্ম হলো **'দ্য লাস্ট সাপার'।** অনেক ঐতিহাসিক ও পণ্ডিত লিওনার্দোকে "ইউনিভার্সাল প্রতিভা" বা **"রেনেসাঁ মানব"** আখ্যা দিয়েছেন।
- **বাইজানটাইন:** বাইজানটাইন সাম্রাজ্যের অপর নাম পূর্বাঞ্চলীয় রোমান সাম্রাজ্য।

# দক্ষিণ ইউরোপ

## ➢ গুরুত্বপূর্ণ কিছু তথ্য

- ✓ বসনিয়া যুদ্ধ নিরসনের জন্য ডেটন চুক্তি স্বাক্ষরিত হয় ১৯৯৫ সালে।
- ✓ ভারতবর্ষ আক্রমণকারী আলেকজান্ডার সম্রাট ছিলেন মেসিডোনিয়ার।
- ✓ মন্টিনিগ্রো বিশ্বের ১৯৩ তম স্বাধীন দেশ।
- ✓ সার্বিয়ার পূর্ব নাম – যুগোস্লাভিয়া।
- ✓ বলকানের কসাই নামে পরিচিত সাবেক যুগোস্লাভ একনায়ক স্লোবোদান মিলোসেভিচ।
- ✓ বিশ্বের ক্ষুদ্রতম স্বাধীন দেশের নাম ভ্যাটিকান সিটি।
- ✓ ভ্যাটিকান সিটির অন্য নাম – দি হলি সিটি।
- ✓ ভ্যাটিকান সিটির নির্বাহী প্রধান পোপ।
- ✓ ১৯১৮ সালে যুগোস্লাভিয়া ভেঙ্গে ৭টি স্বাধীন দেশের আত্মপ্রকাশ ঘটে - সার্বিয়া, মন্টিনিগ্রো, স্লোভেনিয়া মেসিডোনিয়া, ক্রোয়েশিয়া, বসনিয়া ও হার্জেগোভিনা।
- ✓ ইউরোপের সর্বশেষ স্বাধীন রাষ্ট্র কসোভো (২০০৮)।

# POLL QUESTION-03

➲ 'Mein Kampf'-কে বলা হয়?

(a) ফ্যাসিবাদের বাইবেল

(b) গণতন্ত্রের বাইবেল

(c) নাৎসীবাদের বাইবেল

(d) পুঁজিবাদের বাইবেল

# উত্তর আমেরিকা মহাদেশ

| | |
|---|---|
| আবিষ্কারক | ইতালির নাবিক ক্রিস্টোফার কলম্বাস |
| স্বাধীন দেশ | ২৩ টি |
| আয়তনে বৃহত্তম দেশ | কানাডা |
| জনসংখ্যায় বৃহত্তম দেশ | যুক্তরাষ্ট্র |
| আয়তন ও জনসংখ্যায় ক্ষুদ্রতম দেশ | সেন্ট কিটস অ্যান্ড নেভিস |
| সবচেয়ে বেশি ঘনবসতিপূর্ণ দেশ | মেক্সিকো |
| সবচেয়ে কম ঘনবসতিপূর্ণ দেশ | কানাডা |
| বৃহত্তম উপদ্বীপ | ল্যাব্রাডর |
| বৃহত্তম হ্রদ | সুপিরিয়র |
| দীর্ঘতম নদী | মিসিসিপি |
| বৃহত্তম জলপ্রপাত | নায়াগ্রা |
| উষ্ণতম স্থান | ডেথ ভ্যালি (ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র) |



# যুক্তরাষ্ট্র

- ইতালির নাগরিক কলোম্বাস আমেরিকা আবিষ্কার করেন ১৪৯২ সালে।
- আমেরিগো ভেসপুসির নামানুসারে আমেরিকা নামকরণ করা হয়।
- যুক্তরাষ্ট্রের স্বাধীনতা আন্দোলনের মহানায়ক ও প্রথম প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটন।
- **১৭৭৬ সালের ৪ জুলাই স্বাধীনতার ঘোষণা দেয়া হয়।**
- ১৭৮৩ সালে যুক্তরাষ্ট্র ও বৃটেনের মধ্যে শান্তি চুক্তি স্বাক্ষরিত হয় প্রথম ভার্সাই চুক্তি।



# যুক্তরাষ্ট্র

## ❑ যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্যসমূহ

১৭৭৬ সালে যুক্তরাষ্ট্র যখন ব্রিটিশদের সাথে স্বাধীনতা সংগ্রাম শুরু করে তখন এর মূল অঙ্গরাজ্য ছিল ১৩টি। বর্তমানে যুক্তরাষ্ট্রে ৫০টি অঙ্গরাজ্য এবং **ডিস্ট্রিক্ট অব কলম্বিয়া** নামে একটি ফেডারেল জেলা রয়েছে। **জনসংখ্যায় বৃহত্তম অঙ্গরাজ্য ক্যালিফোর্নিয়া** এবং ক্ষুদ্রতম ওয়াইয়োমিং। আয়তনে **বৃহত্তম অঙ্গরাজ্য আলাস্কা** এবং **ক্ষুদ্রতম রোডস আইল্যান্ড**। যুক্তরাষ্ট্র ১৮০৩ সালে **লুজিয়ানা/ লুইসিয়ানা** অঙ্গরাজ্যটি **ফ্রান্সের** নিকট থেকে এবং ১৮৬৭ সালে **রাশিয়ার** কাছ থেকে **'আলাস্কা'** অঙ্গরাজ্যটি ক্রয় করে।

➢ **হাওয়াই:** যুক্তরাষ্ট্রের ৫০তম (এখন পর্যন্ত সর্বশেষ) অঙ্গরাজ্য হিসেবে হাওয়াই অন্তর্ভুক্ত হয় ১৯৫৯ সালে । এর রাজধানীর নাম হনুলুলু। এটি প্রশান্ত মহাসাগরে অবস্থিত। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপান দ্বারা আক্রান্ত পার্ল হারবার হাওয়াই অঙ্গরাজ্যেই অবস্থিত। এখানে যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটি রয়েছে।

# যুক্তরাষ্ট্র

## ❑ রাজনীতি

যুক্তরাষ্ট্রের শাসন পদ্ধতি প্রেসিডেন্ট শাসিত। আইনসভার নাম কংগ্রেস, যা দ্বিকক্ষবিশিষ্ট। এর উচ্চকক্ষের নাম **সিনেট (Senate)** এবং নিম্নকক্ষের নাম প্রতিনিধি পরিষদ **(House of Representative)**। যুক্তরাষ্ট্রের ৫০টি অঙ্গরাজ্যের প্রতিটি হতে ২ জন করে মোট ১০০ জন সিনেটর নির্বাচিত হন। প্রেসিডেন্ট নির্বাচন সরাসরি ভোটের মাধ্যমে হয় না বরং **৫৩৮ (১০০ সিনেটর + ৪৩৫ রিপ্রেজেন্টেটিভ + ডিস্ট্রিক্ট অব কলাম্বিয়ার ৩ সদস্য)** সদস্যের ইলেক্টোরাল কলেজের ভোটের উপর প্রেসিডেন্ট প্রার্থীর জয়-পরাজয় নির্ভর করে থাকে। কোনো প্রার্থীকে প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী হওয়ার জন্য **২৭০টি** ইলেক্টোরাল কলেজের ভোট পেতে হয়। **ক্যালিফোর্নিয়া** যুক্তরাষ্ট্রের সবচেয়ে জনবহুল রাজ্য তাই এ অঙ্গরাজ্যেই ইলেক্টোরাল ভোটের সংখ্যা সবচেয়ে বেশি **(৫৫টি)**।

➢ **নৌঘাঁটিসমূহ:** **জিবুতি, গ্রিস, ইতালি, জাপান, দক্ষিণ কোরিয়া, সৌদি আরব, কুয়েতসহ ১৮টি** দেশে যুক্তরাষ্ট্রের নৌঘাঁটি আছে। প্রশান্ত মহাসাগরে যুক্তরাষ্ট্রের সপ্তম নৌবহরের সদর দপ্তর জাপানের **ইউকোসুকে** অবস্থিত। **গুয়ামেও** যুক্তরাষ্ট্রের একটি নৌঘাঁটি রয়েছে।

# যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্টদের কৃতিত্ব

Lincoln (2012)

## ❑ আব্রাহাম লিংকন

আব্রাহাম লিংকন ছিলেন মার্কিন যুক্তরাষ্ট্রের ১৬তম রাষ্ট্রপতি। ১৮৬৩ সালে তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের দাস প্রথার অবসান ঘটান ও মুক্তি ঘোষণার মাধ্যমে দাসদের মুক্ত করে দেন। বিখ্যাত গেটিসবার্গ বক্তব্য প্রদান করেন আব্রাহাম লিংকন ১৮৬৩ সালের ১৯ নভেম্বর। প্রেসিডেন্ট লিংকনের গেটিসবার্গ বক্তৃতা স্থায়ী ছিল ২ মিনিট। জন উইলকস বুথ নামক আততায়ীর হাতে তিনি ১৮৬৫ সালের ১৫ এপ্রিল গুলিবিদ্ধ ও নিহত হন।



আব্রাহাম লিংকনের বিখ্যাত উক্তিসমূহ 'Democracy is a government of the people, by the people and for the people.' 'বুলেটের চাইতে ব্যালট শক্তিশালী।'

## ❑ ফ্রাঙ্কলিন রুজভেল্ট



তিনি ১২ বছর ক্ষমতায় ছিলেন। মার্কিন চরম অর্থনৈতিক মন্দা মোকাবিলায় (Great Depression) ১৯৩৩ সালে তিনি New Deal ব্যবস্থা চালু করেন।

# যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্টদের কৃতিত্ব



## ❑ হ্যারি এস ট্রুম্যান

➢ তাঁর আদেশেই হিরোশিমা ও নাগাসাকিতে পারমাণবিক হামলা চালানো হয়। তিনি Truman Doctrine এর প্রবক্তা। এটি containment Doctrine নামেও পরিচিত।



## ❑ জন এফ কেনেডি

➢ তিনি ছিলেন সবচেয়ে কমবয়সী এবং একমাত্র **পুলিৎজার পুরস্কার বিজয়ী মার্কিন প্রেসিডেন্ট**।



## ❑ রিচার্ড নিক্সন

বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় মার্কিন প্রেসিডেন্ট ছিলেন। ১৯৭২ সালে **'ওয়াটার গেট কেলেঙ্কারি'র** সাথে জড়িত ছিলেন।



## ❑ জিমি কার্টার

১৯৭৮ সালে মিশর ও ইসরায়েলের মধ্যে সম্পাদিত ঐতিহাসিক **'ক্যাম্প ডেভিড'** চুক্তির মধ্যস্থতা করেন। এজন্য তিনি ২০০২ সালে নোবেল শান্তি পুরস্কারে ভূষিত হন। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ - 'White House Diary'.

# যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্টদের কৃতিত্ব



❑ বারাক ওবামা

কেনীয় বংশোদ্ভূত বারাক ওবামা ছিলেন মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৪তম প্রেসিডেন্ট ও **প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট**। আফগানিস্তানে মার্কিন যুদ্ধ পরিচালনা বন্ধ করা, **প্যারিস জলবায়ু চুক্তিতে নেতৃত্বদান, ইরানের সাথে JCPOA চুক্তি বাতিল**, কিউবার সাথে মার্কিন সম্পর্ককে স্বাভাবিক করণ, ২০১৪ সালে ইউক্রেনে আগ্রাসনের পরে এবং ২০১৬ সালের মার্কিন নির্বাচনে হস্তক্ষেপের পরে রাশিয়ার বিরুদ্ধে নিষেধাজ্ঞা দেওয়া প্রভৃতি পদক্ষেপ গ্রহণ করেছিলেন। ২০০৯ সালে তিনি শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। তাঁর বিখ্যাত গ্রন্থ **Dreams from My Father**, The Audacity of Hope এবং **Change We Can Believe In.**



❑ জোসেফ রবিনেট বাইডেন (জো বাইডেন)

২০২১ সালের ২০ জানুয়ারি তিনি ৪৬তম রাষ্ট্রপতি হিসেবে শপথ গ্রহণ করেন। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ – **Promise to keep**।

# যুক্তরাষ্ট্র

## ❑ কিছু গুরুত্বপূর্ণ তথ্য

- প্রশান্ত মহাসাগরে যুক্তরাষ্ট্রের সপ্তম নৌবহরের সদর দপ্তর হল জাপানের **ইউকোসুকে** অবস্থিত।
- **গুয়ামে** যুক্তরাষ্ট্রের একটি নৌঘাঁটি রয়েছে।
- **"সুবিক বে"** তে যুক্তরাষ্ট্রের নৌঘাঁটি ২০১২ সালে প্রত্যাহার করা হয়।
- মার্কিন যুক্তরাষ্ট্রের গবেষণা সংস্থা NASA। প্রতিষ্ঠিত হয় ২৯ জুলাই ১৯৫৮ সালে। এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি।
- স্ট্যাচু অব লিবার্টি নিউইয়র্কের **হাডসন নদীর** তীরে অবস্থিত। এটি যুক্তরাষ্ট্রকে উপহার হিসেবে প্রদান করে ফ্রান্স।
- নিউইয়র্ক শহরের একটি প্রধান সড়ক **"ওয়াল স্ট্রিট"**। পৃথিবীর অন্যতম গুরুত্ববহ বিনিয়োগ বাজার নিউইয়র্ক স্টক এক্সচেঞ্জ এই সড়কে অবস্থিত।
- **শিকাগো শহরের শ্রমিক আন্দোলনের ঘটনাকে কেন্দ্র করে প্রতি বছর পহেলা মে শ্রমিক দিবস পালন করা হয়।**
- বিশ্বের সবচেয়ে বড় সৌরশক্তি কেন্দ্র নির্মিত হয়েছে নিউইয়র্ক (যুক্তরাষ্ট্র)-এ।

# যুক্তরাষ্ট্র

- বিশ্বে অস্ত্র রপ্তানি করে সবচেয়ে বেশি আয় করে যুক্তরাষ্ট্র।
- বিশ্বের রাজধানী বলা হয় নিউইয়র্ক নগরীকে।
- টাইটানিক জাহাজ আটলান্টিক মহাসাগরে ডুবে যায় ১৯১২ সালে।
- প্রথম এইডস রোগী চিহ্নিত হয় ১৯৮১ সালে যুক্তরাষ্ট্রে।
- হোয়াইট হাউসে বসবাসকারী প্রথম মার্কিন প্রেসিডেন্ট **জর্জ এডামস্**। এটি ওয়াশিংটনে অবস্থিত।
- **যুক্তরাষ্ট্রের নারীরা প্রথম ভোটাধিকার লাভ করে ১৯২০ সালে।**
- Containment Doctrine এর প্রবক্তা ট্রুম্যান।
- নিউইয়র্কের টুইন টাওয়ারের ধ্বংসস্তুপ ওয়ার্ল্ড ট্রেড সেন্টার এখন **'গ্রাউন্ড জিরো'** নামে পরিচিত।
- সিলিকন ভ্যালি অবস্থিত যুক্তরাষ্ট্রে।
- **পারমাণবিক বোমার আবিষ্কারক ওপেনহেইমার।**
- USA এর প্রতিরক্ষা সদর দপ্তর অবস্থিত **পেন্টাগন, ভার্জিনিয়া** অঙ্গরাজ্যে অবস্থিত।

# কানাডা

## ❑ গুরুত্বপূর্ণ কিছু তথ্য

- কানাডা বিশ্বের দ্বিতীয় বৃহত্তম রাষ্ট্র।
- ১৯৮২ সালে এদেশের সংবিধান রচিত হয়।
- কানাডাকে স্বাধীনতা প্রদান করে → ব্রিটিশ পার্লামেন্ট ১৯৩৪ সালে।
- কানাডায় আইনসভা → দ্বিকক্ষবিশিষ্ট। উচ্চকক্ষের নাম সিনেট, নিম্নকক্ষের নাম হাউজ অব কমন্স।
- ম্যাপল পাতা/লিলি ফুলের দেশ পশ্চিমের জিব্রাল্টার, কানাডা
- কমনওয়েলথ'ভুক্ত সর্ববৃহৎ দেশ-কানাডা।
- সম্প্রতি কানাডার নাগরিক খালিস্থানী আন্দোলনের নেতা হারদ্বীপ সিং নিজ্জার হত্যাকে কেন্দ্র করে ভারতের সাথে কানাডার দ্বিপাক্ষিক সম্পর্কের টানাপোড়া চলছে।



# POLL QUESTION-04

➲ **যুক্তরাষ্ট্রের নারীরা প্রথম ভোটাধিকার লাভ করে-**

(a) ১৯৩১ সালে

(b) ১৯২০ সালে

(c) ১৯০২ সালে

(d) ১৮৯৩ সালে

# মধ্য আমেরিকা

Havana → (The old man and the sea)



# মধ্য আমেরিকার গুরুত্বপূর্ণ কিছু তথ্য

- যুক্তরাষ্ট্র পানামার খাল পানামার কাছে হস্তান্তর করে ১৯৯৯ সালে।
- প্রেইরি তৃণভূমি অবস্থিত মধ্য আমেরিকা অঞ্চলে।
- মেক্সিকোর গেরিলা সংগঠনের নাম পপুলার লিবারেশন আর্মি।
- মধ্য আমেরিকার সর্বোচ্চ আগ্নেয়গিরির নাম > মেক্সিকোর পোপোক্যাটেপল (উচ্চতা ৫৪৫২ মিটার)।
- মেক্সিকো উপসাগর ও ক্যারিবিয়ান সাগরকে যুক্ত করেছে - **ইউকাটাল খাল।**
- বেলিজের পূর্বনাম - ব্রিটিশ হন্ডুরাস ( বেলিজ ব্রিটেনের উপনিবেশ ছিল )।
- মধ্য আমেরিকার বৃহত্তম দেশ - নিকারাগুয়া।
- আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে যুক্ত করেছে - পানামা খাল।
- পানামা খাল চালু হয় - ১৯১৪ সালে।

# ক্যারিবীয় অঞ্চল



দা বাহামাস
আটলান্টিক
মহাসাগর
উত্তর
কিউবা
কেম্যান দ্বীপ
(যুক্তরাজ্য)
জ্যামাইকা
হাইতি
ডোমিনিকান
রিপাবলিক
ক্যারিবিয়ান সাগর
গুয়াডেলুপ (ফ্রান্স)
ডোমিনিকা
মার্টিনিক (ফ্রান্স)
সেন্ট লুসিয়া
বার্বাডোস
গ্রানাডা
ত্রিনিদাদ এন্ড
টোবাগো

# ক্যারিবীয় অঞ্চল

❑ ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য

➢ অ্যান্টিগুয়া অ্যান্ড বারমুডা দেশটি গঠিত ৩টি দ্বীপ নিয়ে (অ্যান্টিগুয়া, বারমুডা ও রেডোন্ডা)।

➢ পার্ল অব অ্যান্টিলিজ নামে পরিচিত কিউবা।

➢ সেন্ট লুসিয়া দ্বীপটি গড়ে উঠেছে আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতের মাধ্যমে।

➢ ১৪৯২ থেকে দীর্ঘ চারশত বছরব্যাপী কিউবা উপনিবেশ ছিল - স্পেনের (স্বাধীনতা লাভ ১৮৯৮)।

# দক্ষিণ আমেরিকা মহাদেশ



# দক্ষিণ আমেরিকা


| দক্ষিণ আমেরিকা মহাদেশের তথ্যাবলি | |
|---|---|
| দক্ষিণ আমেরিকার দীর্ঘতম নদী | আমাজন |
| দক্ষিণ আমেরিকার সর্বোচ্চ পর্বতমালার নাম | আন্দিজ পর্বতমালা |
| জনসংখ্যায় ও আয়তনে দক্ষিণ আমেরিকার বৃহত্তম দেশ | ব্রাজিল |
| জনসংখ্যায় ও আয়তনে দক্ষিণ আমেরিকার ক্ষুদ্রতম দেশ | সুরিনাম |
| দক্ষিণ আমেরিকার একমাত্র দেশ যে দেশটি কমনওয়েলথের সদস্য | গায়ানা |
| দক্ষিণ আমেরিকার দুটি স্থল বেষ্টিত দেশ | প্যারাগুয়ে, বলিভিয়া |
| দক্ষিণ আমেরিকার যে দেশটি ওআইসির সদস্য | সুরিনাম |
| দক্ষিণ আমেরিকার স্বাধীন দেশ | ১২টি |
| লাতিন আমেরিকার উচ্চতম পর্বতশৃঙ্গের নাম | অ্যাকনকাগুয়া |

# দক্ষিণ আমেরিকা

## ❑ কিছু গুরুত্বপূর্ণ তথ্য

- চির বসন্তের দেশ বলা হয় ইকুয়েডরকে।
- পৃথিবীর সর্বদক্ষিণের নগরী পুয়ের্তো উইলিয়াম (চিলি)।
- মাদকদ্রব্য উৎপাদন ও চোরাচালানের জন্য লাতিন আমেরিকার সবচেয়ে আলোচিত দেশ কলম্বিয়া।
- কলম্বিয়ার প্রধান গেরিলা সংগঠনের নাম ‘রেভ্যুলুশনারি আর্মড ফোর্সেস অব কলম্বিয়া’ (ফার্ক)।
- অতীতের বিখ্যাত ‘ইনকা সভ্যতার’ ভিত্তিভূমি দেশ পেরু।
- সুরিনামের পূর্বনাম ডাচ গায়ানা।
- ব্রাজিলের বর্তমান প্রেসিডেন্ট – লুইজ ইনাসিও লুলা দ্যা সিলভা।
- পৃথিবীর ছাদ বলা হয় → পামির মালভূমি।
- বিশ্বের উচ্চতম ও দক্ষিণ আমেরিকার বৃহত্তম হ্রদ → টিটিকাকা (বলিভিয়া ও পেরু সীমান্তে অবস্থিত)।

# অস্ট্রেলিয়া/ওশেনিয়া মহাদেশ



# ওশেনিয়া মহাদেশ

## ❑ অস্ট্রেলিয়া:

- অস্ট্রেলিয়া শব্দের অর্থ এশিয়ার দক্ষিণাঞ্চল।
- অস্ট্রেলিয়া ব্রিটেনের সঙ্গে সাংবিধানিক সম্পর্ক ছিন্ন করে ১৯৮৬ সালে।
- ওশেনিয়া মহাদেশের সর্ববৃহৎ দেশ কুইন্সল্যান্ড নামকরণ করেন - মহারানী ভিক্টোরিয়া।
- অস্ট্রেলিয়ার আদিবাসীদের বলা হয় Aborigine।

## ❑ নিউজিল্যান্ড:

- বিশ্বের প্রথম দেশ হিসেবে ১৮৯৩ সালে নিউজিল্যান্ডে নারীর ভোটাধিকার স্বীকৃত হয়।
- নিউজিল্যান্ড নামকরণ করেন - অ্যাবেল তাসম্যান।
- কুক আইল্যান্ড নিউজিল্যান্ডের দখলে আসে ১৯০১ সালে।
- নিউজিল্যান্ডের আদি অধিবাসী মাওরি (মাওরিরা নিউজিল্যান্ডে আসে ৯৫০ সালে)।
- নিউজিল্যান্ডের অধিবাসীদের বলা হয় কিউই।
- দক্ষিণের গ্রেট ব্রিটেন বলা হয় – নিউজিল্যান্ডকে।

# পলিনেশিয়া, মেলানেশিয়া ও মাইক্রোনেশিয়ার মানচিত্র

**মাইক্রোনেশিয়া:**
নিরক্ষখোর নিকটবর্তী ৫টি দ্বীপ দেশ মাইক্রোনেশিয়ার অন্তর্গত। [নিরক্ষীয় প্রশান্ত অঞ্চলের দ্বীপ]

০১. নাউরু
০২. ক্যারোলিন দ্বীপপুঞ্জ
০৩. মার্শাল দ্বীপপুঞ্জ
০৪. কিরিবাতি
০৫. ওসিয়াম




**পলিনেশিয়া:**
[মধ্য ও দক্ষিণ প্রশান্ত মহাসাগরের দ্বীপ]

০১. টোঙ্গা
০২. সামোয়া
০৩. টুভ্যালু
০৪. কুক দ্বীপপুঞ্জ
০৫. ইস্টার আইল্যান্ড
০৬. তাহিতি

**মেলোনেশিয়া:** [দক্ষিণ-পশ্চিম প্রশান্ত মহাসাগরের দ্বীপ]

০১. ফিজি
০২. পাপুয়া নিউগিনি
০৩. সলোমান দ্বীপপুঞ্জ
০৪. নিউগিনি
০৫. সান্তক্রুজ
০৬. বিসমার্ক
০৭. ভানুয়াতু
০৮. নিউ ক্যালডোনিয়া

# পলিনেশিয়া, মেলানেশিয়া ও মাইক্রোনেশিয়া

## ❑ পলিনেশিয়া অঞ্চল সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য

- ➢ পলিনেশিয়া দ্বীপগুলো অবস্থিত মধ্য ও দক্ষিণ প্রশান্ত মহাসাগরে।
- ➢ স্বাধীন তিনটি দেশ ব্যতীত পলিনেশিয়া অঞ্চলে বিভিন্ন দেশের অধীন দ্বীপসমূহ- কুক আইসল্যান্ডস ও নিও (নিউজিল্যান্ড), ইস্টার দ্বীপপুঞ্জ (চিলি) এবং হাওয়াই (যুক্তরাষ্ট্র)।

| পলিনেশিয়ার দেশসমূহ | | মেলানেশিয়ার দেশসমূহ | | মাইক্রোনেশিয়ার দেশসমূহ | |
|---|---|---|---|---|---|
| দেশ | রাজধানী | দেশ | রাজধানী | দেশ | রাজধানী |
| সামোয়া | এপিয়া | সলোমন দ্বীপপুঞ্জ | হোনিয়ারা | নাউরু | ইয়ারেন |
| টুভ্যালু | ফুনাফুতি | ফিজি | সুভা | কিরিবাতি | তারাওয়া |
| টোঙ্গা | নুকুয়ালোফা | পাপুয়া নিউগিনি | পোর্ট মোর্সবি | পালাউ | এনগেরুল মুদ |
| | | ভানুয়াতু | পোর্টভিলা | ফেডারেল স্টেট অব মাইক্রোনেশিয়া | পালকির |
| | | | | মার্শাল দ্বীপপুঞ্জ | মাজুরো |

# ওশেনিয়া মহাদেশ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য

- অস্ট্রেলিয়া মহাদেশের উষ্ণতম মাস **জানুয়ারি**।
- **২০১২ সালে কার্বন কর চালু করে অস্ট্রেলিয়া।**
- সর্বোচ্চ বিন্দু পুঁসাক জায়া (৪৮৮৪ মিটার) ও সর্বনিম্ন বিন্দু লেক আয়ার (-১১৬ মিটার)।
- দীর্ঘতম নদী → **মারে ডার্লিং** (অস্ট্রেলিয়া; দৈর্ঘ্য ৩,৪৯০ কিমি.)।
- বৃহত্তম হ্রদ → আয়ার (আয়তন ৯০০০ বর্গ কিমি.)।
- **আয়তনে ক্ষুদ্রতম দেশ নাউরু** (আয়তন ২১ বর্গকিমি)।
- **জনসংখ্যায় ক্ষুদ্রতম দেশ → টুভ্যালু** (১১,৬৪০ জন)।
- স্বাধীন দেশ → ১৪টি।

# POLL QUESTION-05

➲ **পালাউ এর রাজধানী কোনটি?**

(a) এনগেরুলমুদ

(b) ফুনাফুতি

(c) পোর্ট ভিলা

(d) নুকুয়ালোফা

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ ক্ষুদ্রতম মহাদেশ: [৪৫তম বিসিএস]

(ক) অস্ট্রেলিয়া (খ) ইউরোপ (গ) আফ্রিকা (ঘ) দক্ষিণ আমেরিকা

➲ কোথায় ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংক অবস্থিত? [৪৫তম বিসিএস]

(ক) লন্ডন (খ) প্যারিস (গ) ব্রাসেলস (ঘ) ফ্রাঙ্কফুর্ট

➲ যুক্তরাষ্ট্রের ৪৫তম প্রেসিডেন্ট কে ছিলেন? [৪৫তম বিসিএস]

(ক) রিচার্ড নিক্সন (খ) বিল ক্লিনটন (গ) কেনেডি (ঘ) ডনাল্ড ট্রাম্প

➲ ফেসবুকের সদর দফতর: [৪৫তম বিসিএস]

(ক) সিয়াটল (খ) ক্যালিফোর্নিয়া (গ) ওয়াশিংটন (ঘ) নিউইয়র্ক

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ কোন সালে রাশিয়া ক্রিমিয়া দখল করে? [৪৪তম বিসিএস]

(ক) ২০১০ (খ) ২০১২ (গ) ২০১৪ (ঘ) ২০১৬

➲ কোন দেশটি ভেনিজুয়েলার প্রতিবেশী রাষ্ট্র নয়? [৪৪তম বিসিএস]

(ক) গায়ানা (খ) বলিভিয়া (গ) ব্রাজিল (ঘ) কলাম্বিয়া

➲ কোন দেশকে ইউরোপের রুটির ঝুড়ি বলা হয়? [৪৪তম বিসিএস]

(ক) জার্মানি (খ) ইতালি (গ) পোলান্ড (ঘ) ইউক্রেন

➲ গণতন্ত্রের ধারণা উৎসারিত হয় প্রথম কোন দেশে? [৪৪তম বিসিএস]

(ক) যুক্তরাষ্ট্র (খ) প্রাচীন গ্রীস (গ) প্রাচীন রোম (ঘ) প্রাচীন ভারত

➲ মহান মুক্তিযুদ্ধ চলাকালীন 'কনসার্ট ফর বাংলাদেশ (Concert for Bangladesh)' কোথায় অনুষ্ঠিত হয়েছিল? [৪৪তম বিসিএস]

(ক) নিউইয়র্ক (খ) বোস্টন (গ) লন্ডন (ঘ) ক্যানবেরা

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ 'The lady with the Lamp' নামে পরিচিত- [৪৩তম বিসিএস]

(ক) হেলেন কেলার (খ) ফ্লোরেন্স নাইটিঙ্গেল (গ) মাদার তেরেসা (ঘ) সরোজিনী নাইডু

➲ Trafalgar Square-এর অবস্থান – [৪৩তম বিসিএস]

(ক) রাশিয়ায় (খ) ইংল্যান্ডে (গ) ফ্রান্সে (ঘ) চীনে

➲ ট্র্যান্সপারেন্সি ইন্টারন্যাশনাল- এর প্রধান কার্যালয় কোথায়? [৪৩তম বিসিএস]

(ক) ফ্রান্স (খ) জার্মানি (গ) নেদারল্যান্ড (ঘ) হাঙ্গেরি

➲ মায়া সভ্যতাটি আবিষ্কৃত হয়- [৪৩তম বিসিএস]

(ক) উত্তর আমেরিকায় (খ) দক্ষিণ আমেরিকায় (গ) মধ্য আফ্রিকায় (ঘ) মধ্য আমেরিকায়

➲ জিবুতি দেশটি কোথায় অবস্থিত? [৪৩তম বিসিএস]

(ক) এডেন উপসাগরের পাশে (খ) প্রশান্ত মহাসাগরে

(গ) দক্ষিণ আমেরিকায় (ঘ) দক্ষিণ চীন সাগরে

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ কোন তারিখে মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের উপর অর্থনৈতিক নিষেধাজ্ঞা পুনরায় আরোপ করে? [৪২তম বিসিএস (বিশেষ)]

(ক) ২০ আগস্ট ২০২০ (খ) ১৯ সেপ্টেম্বর ২০২০ (গ) ১৮ অক্টোবর ২০২০ (ঘ) ১৫ জুলাই ২০২০

➲ জার্মানির প্রথম নারী চ্যান্সেলর কে? [৪১তম বিসিএস]

(ক) অ্যানেগরেট ক্রাম্প (খ) লিনা হেডরিচ (গ) অ্যাঞ্জেলা মারকেল (ঘ) পেট্রা কেলি

➲ ২০২০ সালে প্রকাশিত 'আইনের শাসন' সূচকে শীর্ষস্থান অর্জনকারী দেশের নাম কী? [৪১তম বিসিএস]

(ক) ডেনমার্ক (খ) নরওয়ে (গ) জার্মানি (ঘ) সিঙ্গাপুর

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ নিচের কোন দেশটিতে রাশিয়ার সামরিক ঘাঁটির সুবিধা বিদ্যমান? [৪১তম বিসিএস]

(ক) কিউবা (খ) ভিয়েতনাম (গ) উজবেকিস্তান (ঘ) সোমালিয়া

➲ যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি নির্বাচনে ডেমোক্রেটিক দলের মনোনয়নের জন্য ন্যূনতম কতজন ডেলিগেটের সমর্থন প্রয়োজন? [৪১তম বিসিএস]

(ক) ২৫০০ জন (খ) ১৯৯১ জন (গ) ১৯৫০ জন (ঘ) ১৮৯০ জন

➲ ফিনল্যান্ড কোন দেশের উপনিবেশ ছিল? [৪১তম বিসিএস]

(ক) রাশিয়া (খ) ডেনমার্ক (গ) সুইডেন (ঘ) ইংল্যান্ড

➲ কোন বিদেশি রাষ্ট্র বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে? [৪১তম বিসিএস]

(ক) রুয়ান্ডা (খ) সিয়েরালিয়ন (গ) সুদান (ঘ) লাইবেরিয়া

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

- কোন দুটি দেশের মধ্যে সীমান্ত বিরোধ নিষ্পত্তির জন্য ২০১৯ সালে নোবেল শান্তি পুরস্কার দেয়া হয়? [৪১তম বিসিএস]

  (ক) ক্যামেরুন এবং ইথিওপিয়া
  (খ) পেরু এবং ভেনেজুয়েলা
  (গ) ইথিওপিয়া এবং ইরিত্রিয়া
  (ঘ) মালি ও সেনেগাল

- যুক্তরাষ্ট্রের Guantanamo Bay Detention Camp কোথায় অবস্থিত? [৪০তম বিসিএস]

  (ক) ফ্লোরিডা
  (খ) হাইতি
  (গ) কিউবা
  (ঘ) জ্যামাইকা

- কোন দেশটি ইউরোপের বাল্টিক অঞ্চলে অবস্থিত নয়? [৪০তম বিসিএস]

  (ক) ফিনল্যান্ড
  (খ) পোল্যান্ড
  (গ) অস্ট্রিয়া
  (ঘ) সুইডেন

- বাইজানটাইন (Byzantine) সাম্রাজ্যের রাজধানী ছিল কোন নগরী? [৩৯তম বিসিএস]

  (ক) লিসবন
  (খ) কনস্টান্টিনোপল
  (গ) প্যারিস
  (ঘ) ভিয়েনা

- কোন সালে হিটলার জার্মান চ্যান্সেলর নিযুক্ত হন? [৩৯তম বিসিএস]

  (ক) ১৯৩৪
  (খ) ১৯৩১
  (গ) ১৯৩২
  (ঘ) ১৯৩৩

Best of Luck!!

pdf

2-ক

# BCS কঠিন নয়;
# প্রস্তুতি যদি গোছানো হয়


Facebook Page
https://www.facebook.com/uttoronacademy

Facebook Group (BCS উত্তরণ)
https://www.facebook.com/groups/www.uttoron.academy

YouTube Channel
https://www.youtube.com/c/Uttoron

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

BCS অনলাইন ও অফলাইনের সমন্বয়ে গোছানো প্রস্তুতি
(https://www.youtube.com/watch?v=MFKW8FSNnP0)

09666775566
www.uttoron.academy